

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৫৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯. তৃতীয় অনুচ্ছেদ - দু'বার সালাত আদায় করা

### আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا: أَنَّ رَجُلًا سَأَلَهُ فَقَالَ: إِنِّي أُصلِّي فِي بَيْتِي ثُمَّ أُدْرِكُ الصَّلَاةَ فِي الْمَسْجِدِ مَعَ الْإِمَامِ أَفَأُصلِّي مَعَهُ؟ قَالَ لَهُ: نَعَمْ قَالَ الرجل: أَيَّتهمَا أَجعَل صَلَاتي؟ قَالَ عُمَرَ: وَذَلِكَ إِلَيْكَ؟ إِنَّمَا ذَلِكَ إِلَى اللَّهِ عَزَّ وَجَلَّ يَجْعَلُ أَيَّتَهُمَا شَاءً. رَوَاهُ مَالِكٌ

#### বাংলা

১১৫৬-[৭] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এক লোক তাঁকে প্রশ্ন করলঃ আমি আমার বাড়িতে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে নেই। এরপর মসজিদে আসলে (মানুষদেরকে) ইমামের সঙ্গে সালাত আদায় করা অবস্থায় পাই। আমি কি (এ অবস্থায়) এ ইমামের পেছনে সালাত আদায় করতে পারি? ইবনু 'উমার (রাঃ) বললেন হ্যাঁ, পারো। তারপর ঐ লোক আবার প্রশ্ন করল। তাহলে আমার (ফর্য) সালাত কোনটি মনে করব? ইবনু 'উমার (রাঃ) বললেন, এটা কি তোমার কাজ? এটা আল্লাহ তা'আলার কাজ। তিনি যে সালাতকে চাইবেন ফর্য হিসেবে গ্রহণ করে নেবেন। (মালিক)[1]

## ফুটনোট

[1] সহীহ: মালিক ৪৩৬।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَيَّتَهُمَا أَجِعَلُ صِلَاتِي؟) "এ দুই সালাতের মাঝে কোন সালাতকে আমার সালাত বলে গণ্য করব?" অর্থাৎ সালাত দু'বার আদায় করলে কোন্ সালাতটিকে আমার পক্ষ থেকে ফর্য সালাত (সালাত/নামায/নামাজ) গণ্য করব?

(وَذَلِكَ إِلَيْكَ؟) "এটা কি তোমার হাতে?" অর্থাৎ ফরয গণ্য করা তথা সালাত কবূল করা বা না করা তোমার হাতে



न्य ।

(إِنَّمَا ذَلِكَ إِلَى اللهِ) "এটিতো একমাত্র আল্লাহ তা'আলার হাতে, তিনি যেটি ইচ্ছা সেটিই ফরয বলে গণ্য করেন।" অর্থাৎ তুমি যদি উভয় সালাত ফারযের (ফরযের/ফরজের) নিয়্যাতে আদায় করে থাকো তাহলে আল্লাহ তার ইচ্ছানুযায়ী দু'টির একটি ফরয হিসেবে গণ্য করবেন।

ইমাম মালিক-এর অভিমত অনুযায়ী দ্বিতীয়বারও ফারযের (ফরযের/ফরজের) নিয়্যাতেই আদায় করবে। আর গ্রহণ করার বিষয়টি আল্লাহর ওপর ন্যস্ত করবে। তিনি দু'টির যে কোন একটিকে ফরয বলে গণ্য করবেন।

জমহূর 'আলিমদের মতে দ্বিতীয়বার নফলের নিয়্যাতে আদায় করবে এবং প্রথম সালাতটি যা সে বাড়ীতে আদায় করেছিল তা ফর্য হিসেবে ধরে নিবে।

আমি (মুবারকপূরী) বলছিঃ সহীহ মারফূ' হাদীসে স্পষ্ট বর্ণিত আছে যে, প্রথম আদায় করা সালাতই তার আসল সালাত। অতএব দ্বিতীয়বার আদায় করা সালাতকে নফল গণ্য করবে এবং প্রথমবারের সালাতকে ফর্য সালাত ধরে নিবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন